

পরিচালকের কার্যালয়
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো
ওয়াদা ভবন, মতিঝিল, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৫২৬৯৮।



OFFICE OF THE DIRECTOR
DTE. OF ESTATE & TRANSPORT, BWDB
WAPDA BUILDING, MOTIJHEEL,
DHAKA-1000.
PHONE: 9552698.

স্মারক নং-পাউবো/সওয়া/মি-১/৮২(৭ম খন্ড)/২২৪(২)

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/৭ মে ২০১৮ খ্রিঃ।

বিষয় : ৮ ও ৯ মে ২০১৮খ্রিঃ তারিখে অফিস ডে-তে ওয়াপদা অঙ্গণে কোন প্রকার সভা অনুষ্ঠান না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাকে/আপনাদেরকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২টি শ্রমিক সংগঠন যথাক্রমে রেজিঃ নং বি-১৮৮৮ এবং রেজিঃ নং বি-১৮৮৭ (সিবিএ) মহান মে দিবস উপলক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অডিটরিয়মে আলোচনা সভা অনুষ্ঠান করার জন্য অনুমতি চেয়ে আবেদন করেন। অডিটরিয়মে অনুষ্ঠান করবেন বিবেচনায় আপনাকে/আপনাদেরকে অনুমতি দেয়া হয়। কিন্তু আপনি/আপনারা অডিটরিয়মে অনুষ্ঠান আয়োজন না করে অফিস ডে-তে অফিস প্রাঙ্গণে অনুষ্ঠানের আয়োজন করতে উদ্যোগ গ্রহণ করেছেন, যা মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়ের গোচরীভূত হয়েছে। এ ছাড়াও এ বিষয়ে আপনি/আপনারা মহানগর পুলিশের অনুমতিও গ্রহণ করেননি। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, পুলিশ আইন, ১৮৬১ এর ধারা ৩০ এবং ৩০(ক) অনুযায়ী মহানগরে যে কোন সভা-সমাবেশ অনুষ্ঠানের জন্য অনুমতি গ্রহণের প্রয়োজন হয়, যা আপনি/আপনারা গ্রহণ করেননি। মাননীয় সচিব মহোদয় আপনাদের উদ্দেশ্যে কিছু নির্দেশনা দিয়ে পরবর্তী কোন বন্ধের দিনে উভয় সংগঠনকে সম্মিলিতভাবে অনুষ্ঠানের আয়োজন করতে বলেছেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, আপনারা মাননীয় সচিব মহোদয়ের নির্দেশনা উপেক্ষা করে ৮ ও ৯ মে অফিস ডে-তে অফিস প্রাঙ্গণে অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতি চালিয়ে যাচ্ছেন।

এমতাবস্থায়, আপনাকে/ আপনাদেরকে অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতি স্থগিত করতঃ পরবর্তী কোন বন্ধের দিনে যৌথভাবে অনুষ্ঠান আয়োজনের জন্য পরামর্শ প্রদান করা হলো। বিষয়টি সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে এতদ্বারা অবহিত করা হলো।

এই পত্র মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে জারী করা হলো।


(মোঃ মুজিবুর রহমান)

পরিচালক

সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

বরাবর

১। সভাপতি/ সাধারণ সম্পাদক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শ্রমিক কর্মচারী লীগ (রেজিঃ নং বি-১৮৮৭)(সিবিএ)
ওয়াদা বিল্ডিং, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

২। সভাপতি/ সাধারণ সম্পাদক

জাতীয় পানি উন্নয়ন শ্রমিক কর্মচারী লীগ (রেজিঃ নং বি-১৮৮৮)
কেন্দ্রিন বিল্ডিং, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

স্মারক নং-পাউবো/সওয়া/মি-১/৮২(৭ম খন্ড)/২২৪/১(৫)

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/৭ মে ২০১৮ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সচিব মহোদয় এর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ২। পরিচালক, নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে মহানগর পুলিশ উপ-কমিশনার এর সাথে যোগাযোগ করতঃ আগামী ৮ ও ৯ মে ২০১৮খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নির্দেশ প্রতিপালনের নিমিত্ত কোন প্রকার সভা সমাবেশ যেন অনুষ্ঠিত না হয় এবং ওয়াপদা অঙ্গণের সার্বিক নিরাপত্তা বিধান ও সুষ্ঠু কর্ম-পরিবেশ বজায় রাখার স্বার্থে অতীব জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

পরিচালক

সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।